দৈনিক বাংলা

তারিখ 05 SEP 1988
পৃষ্ঠা 2 কলাম 2

৪৮/153



ছাত্রদলের সভাপতি আসাদুজ্জামান রিপন সোমবার সংগ্রামী ছাত্র জোটের পক্ষ থেকে ডিসির কাছে স্মারকলিপি প্রদান করেন —দৈনিক বাংলা

# ডিসির কাছে ছাত্রজোটের স্মারকলিপি

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

সংগ্রামী ছাত্র জোট গতকাল ১১ দফা দাবীতে সারাদেশে জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মুখে ঘেরাও কর্মসূচী পালন করে।

জোট কেন্দ্রীয়ভাবে ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ কর্মসূচী পালন করে এবং জেলা প্রশাসকের কাছে ১১ দফা দাবী সম্বলিত স্মারকলিপি পেশ করে।

(৩-এর পৃঃ দ্রঃ)

## স্মারকলিপি

(প্রথম পৃঃ পর)

কর্মসূচী চলাকালে দুপুর বারটায় জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এক সমাবেশ হয়। ছাত্র নেতা আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে এ সমাবেশে বক্তব্য রাখেন আমানউল্লাহ আমান, সাইফুদ্দিন আহমেদ মনি, খন্দকার লুৎফর রহমান, নাজিমুদ্দিন আলম, আবুল খায়ের ভূইয়া, সেলিম সরকার প্রমুখ।

সমাবেশে বক্তাগণ ১১ দফা দাবীতে ১৭ই সেপ্টেম্বর চারটি বিভাগীয় শহরে হরতালের কর্মসূচী সফল করে তোলার জন্য ছাত্র সমাজের প্রতি আহবান জানান।

স্মারকলিপিতে পেশ করা দাবীর মধ্যে রয়েছে নতুন শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন, বর্ধিত ছাত্র বেতন প্রত্যাহার, ৭৩ সালের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সকল বিশ্ববিদ্যালয়ে কার্যকরী করা, চাকরির বয়সসীমা ৩০ বছর নির্ধারণ প্রভৃতি।